

কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

KPB School & College

শ্রেণী: ৯ম

বিষয়: অর্থনীতি

Online Assignment

সময়: ২ঘন্টা

পূর্ণমান: ৫০

- আল আমিন পেশায় একজন কৃষক। তিনি তার জমিতে গম উৎপাদন করেন। তিনি তার জমিতে ৫ জন শ্রমিক নিয়োগ দিয়ে ৫০০ কেজি গম উৎপাদন করতে সক্ষম হন। এক বছর পর তার ছেলেও শ্রমিকদের সাথে কাজ করায় তার গমের উৎপাদন বেড়ে ৫৫০ কেজিতে দাঁড়ায়।
 - উৎপাদন কী? ১
 - ভূমি প্রকৃতির দান-বুঝিয়ে লেখ। ২
 - আল আমিনের জমিতে গমের মোট উৎপাদন, গড় উৎপাদন এবং প্রান্তিক উৎপাদন নির্ণয় করে তা ব্যাখ্যা কর। ৩
 - উক্ত গড় ও প্রান্তিক উৎপাদনের মধ্যে কোন সম্পর্ক আছে বলে তুমি মনে কর কি? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪
- সাজিয়া নবম শ্রেণীর একজন ছাত্রী। বর্তমানে বাজার অর্থনীতি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। তাই সে আগ্রহের সহিত তার অর্থনীতি শিক্ষকের নিকট 'বাজার' সম্বন্ধে জানতে চাইলে, শিক্ষক তাকে বাজার সম্বন্ধে বিস্তারিত ধারণা দেওয়ার চেষ্টা করেন। বিভিন্ন প্রকার বাজার সম্বন্ধে জ্ঞানলাভ করে সে অত্যন্ত খুশি হয়।
 - স্থানীয় বাজার কী? ১
 - বাজার সম্পর্কে কূর্নটের মতামত উল্লেখ কর। ২
 - সাজিয়া বাজারের কোন উপাদান গুলো চিহ্নিত করতে পারবে? ব্যাখ্যা কর। ৩
 - উদ্দীপকে বর্ণিত বাজারের অঞ্চলভিত্তিক শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৪

এক বাক্যে উত্তর দাও:

১৫x২=৩০

- একচেটিয়া অর্থ কী?
- যার অধীনে অসংখ্য ফার্ম থাকে তাকে কী বলে?
- কে সর্বপ্রথম চাহিদা ও যোগানের সাথে সময়ের গুরুত্ব অনুধাবন করে বাজার সম্পর্কে আলোচনা করেন?
- বাংলাদেশে কোন ধরনের বাজার খুঁজে পাওয়া যায় না?
- অর্থনীতিবিদ কূর্নট কোন দেশের অধিবাসী?
- একচেটিয়া কারবারীর উৎপাদনের লক্ষ্য কী?
- কোন বাজারে মাত্র দুইজন বিক্রেতা থাকে?
- ফার্ম কি?
- বিকশিত বাজার কয় ধরনের হয়?
- একটি পণ্যকে ঘিরে ক্রেতা ও বিক্রেতার মধ্যে কি ঘটে?
- ব্যবসায়ের ভিত্তি কী?
- উপযোগ সৃষ্টির প্রক্রিয়া কত প্রকার?
- একজন শ্রমিক প্রতি ঘন্টায় যে পরিমাণ কাজ করে বা করতে পারে তাকে কী বলে?
- উৎপাদনের উপকরণ কয়টি?
- উৎপাদনের আদি ও মৌলিক উপকরণ কী?